ভোরের কাগজ

25

তারিখ ... 07 MAR 1998 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৬ ...

অনার্স ভর্তি ফরমের মূল্যবৃদ্ধি

# রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ৮ মার্চ ধর্মঘট আহ্বান

রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রতিনিধি : অনার্স প্রথম বর্ষের (১৯৯৭-৯৮) ভর্তি পরীক্ষার ফরমের মূল্যবৃদ্ধির প্রতিবাদে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের নবগঠিত 'সংগ্রামী ছাত্র জোট' আগামী ৮ মার্চ ক্যাম্পাসে পূর্ণদিবস ধর্মঘট ডেকেছে। এদিকে ছাত্রদলও নবগঠিত এই জোটে যোগ দিয়েছে।

বর্ধিত মূল্য প্রত্যাহারের দাবিতে গত বৃহস্পতিবার সকালে জোট ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলসহ প্রশাসনিক ভবন ঘেরাও করে। এ সময় ছাত্রদল, ছাত্র ইউনিয়ন ও ছাত্রলীগ নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বক্তারা ৭ মার্চের মধ্যে ফরমের মূল্য কমিয়ে ৫০ টাকা করার দাবি জানান।

**প্রক্টর অফিস উদ্বোধন**

কাজী নজরুল ইসলাম মিলনায়তন থেকে প্রশাসন ভবনে স্থানান্তরিত রা.বি.র নতুন প্রক্টর অফিস উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে আয়োজিত এক চা চক্রে উপাচার্য আবদুল খালেক বলেছেন, ভর্তি পরীক্ষার ফরমের মূল্যবৃদ্ধি নিয়ে আন্দোলনরত ছাত্র সংগঠনগুলো যদি সন্ত্রাসের পথ বেছে নেয় তাহলে বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মে তা মোকাবিলা করা হবে।